

রাজশাহী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কার্যকরী সংসদের নির্বাচন আজ সোমবার। সকাল নয়টা থেকে বিকাল চারটা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের জুবেরী ভবনের শিক্ষক লাউঞ্জে গ্রহণ করা হবে ভোট।

এবারের নির্বাচনে শিক্ষক সমিতির গঠনতন্ত্র অনুযায়ী বর্তমান কমিটির কোষাধ্যক্ষ অধ্যাপক মো. কামরুজ্জামান প্রধান নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব পালন করবেন। এ ছাড়া বিধি অনুযায়ী প্রধান নির্বাচন কমিশনার তার ইচ্ছামতো দুজন নির্বাচন কমিশনার নিয়োগ দেবেন। এবারের নির্বাচনে মুক্তিযুদ্ধের চেতনা ও মূল্যবোধে বিশ্বাসী প্রগতিশীল শিক্ষক সমাজের পক্ষ থেকে

advertisement

প্রার্থী হয়েছেন সভাপতি পদে বাংলা বিভাগের অধ্যাপক সফিকুল্লী সামাদী, সহ-সভাপতি পদে ফার্মেসি বিভাগের অধ্যাপক মীর ইমাম ইবনে ওয়াহেদ (রাসেল), কোষাধ্যক্ষ পদে ফলিত রসায়ন ও রসায়ন প্রকৌশল বিভাগের অধ্যাপক সৈয়দ এমএ ছালাম, সাধারণ সম্পাদক পদে মার্কেটিং বিভাগের অধ্যাপক মো. বোরাক আলী, যুগ্ম সম্পাদক পদে রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক মো. সুলতান মাহমুদ (রানা)।

advertisement 4

এ ছাড়া সদস্য প্রার্থী ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজের অধ্যাপক জাকির হোসেন, গ্রাফিক ডিজাইন, কারুশিল্প ও শিল্পকলার ইতিহাস বিভাগের অধ্যাপক সুভাষচন্দ্র সূতার, ভেটেরিনারি অ্যান্ড অ্যানিম্যাল সায়েন্সেস বিভাগের সহযোগী অধ্যাপক আবদুল্লা আল-মামুন ভূঞা, চিত্রকলা, প্রাচ্যকলা ও ছাপচিত্র বিভাগের সহযোগী অধ্যাপক মোছা. নাজনীন আকতার, ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক সারওয়ার আলী (মুন), ইসলামিক স্টাডিজ বিভাগের অধ্যাপক আবু নোমান মুহাম্মদ মাসউদুর রহমান, ফলিত রসায়ন ও রসায়ন প্রকৌশল বিভাগের সহযোগী অধ্যাপক মোছা. সাবিনা ইয়াছমীন, ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ সহযোগী অধ্যাপক অমিতাভ সাহা, পপুলেশন সায়েন্স অ্যান্ড হিউ রিসোর্স ডেভেলপমেন্ট বিভাগের অধ্যাপক মো. রাশেদ আলম, পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক এম রফিকুল আহসান।

এদিকে সাদা প্যানেল বা বাংলাদেশি জাতীয়তাবাদ ও ইসলামি মূল্যবোধে বিশ্বাসী শিক্ষক গ্রুপের প্রার্থীরা হলেন সভাপতি পদে সমাজকর্ম বিভাগের অধ্যাপক মো. আশরাফুজ্জামান, সহ-সভাপতি পদে পরিসংখ্যান বিভাগের অধ্যাপক মো. নূরুল হক মোল্লা, কোষাধ্যক্ষ পদে হিসাববিজ্ঞান ও তথ্যব্যবস্থা বিভাগের অধ্যাপক দিলারা হোসেন (রুনা), সাধারণ সম্পাদক পদে লোকপ্রশাসন বিভাগের অধ্যাপক পারভেজ আজহারুল হক (প্রিন্স), যুগ্ম সম্পাদক পদে ফিশারিজ বিভাগের অধ্যাপক মো. আবু সাঈদ জুয়েল। এ ছাড়া সদস্য প্রার্থী হিসেবে রয়েছেন দর্শন বিভাগের অধ্যাপক মো. আক্তার আলী, পরিসংখ্যান বিভাগের অধ্যাপক মো. মেসবাহুল আলম (বাবু), ক্রপ সায়েন্স অ্যান্ড টেকনোলজি বিভাগের অধ্যাপক এম. আল বাকী বরকতুল্লাহ, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের অধ্যাপক আকতার বানু (আলপনা), আরবি বিভাগের অধ্যাপক মুহাম্মদ নেছার উদ্দিন (রাকিব), ভেটেরিনারি অ্যান্ড অ্যানিম্যাল সায়েন্সেস বিভাগের অধ্যাপক মো. গোলবার হোসেন, রসায়ন বিভাগের অধ্যাপক মাহবুবুর রহমান (রঞ্জু), কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক মু. ইকবাল আজিজ খান (পলাশ), ইসলামিক স্টাডিজ বিভাগের অধ্যাপক মো. আব্দুল হান্নান এবং প্রাণরসায়ন ও অণুপ্রাণবিজ্ঞান বিভাগের অধ্যাপক মো. তোফাজ্জল হোসেন (সোহেল)।